

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪০/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ মোখলেছুর রহমান  
পিতা-মৃত হারান সেখ  
গ্রাম-সোনাই, ডাকঘর-রায়গঞ্জ  
ইউনিয়ন-ধানগড়া, উপজেলা-রায়গঞ্জ  
জেলা-সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব মোঃ এমদাদুল হক  
ইউপি সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
৬ নং ধানগড়া ইউনিয়ন পরিষদ  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ২০-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী তার দাখিলকৃত ২০৫/২০১৫ নং অভিযোগের বিষয়ে জনাব মোঃ এমদাদুল হক, ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৬ নং ধানগড়া ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ২০৫/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক নির্ধারিত তথ্যমূল্য বাবদ ১০৯৬/- (এক হাজার ছিয়ানব্বই) টাকা নির্ধারিত কোডে জমা প্রদান করেন। পরবর্তিতে তথ্যের জন্য ইউনিয়ন পরিষদে গেলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তাকে কোন তথ্য সরবরাহ করেননি, উপরন্তু উৎকোচ প্রদানের প্রস্তাব দেয়ায় অভিযোগকারী সংক্ষুব্ধ হয়ে পুনরায় ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। অভিযোগকারী তার দাখিলকৃত ২০৫/২০১৫ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ১) এপ্রিল/২০১১ সাল হইতে জুন ২০১৫ সাল পর্যন্ত উপজেলা কার্যালয় হইতে অত্র ইউনিয়নে স্থাবর সম্পত্তির ১% এর কত টাকা বরাদ্দ হয়েছে।
  - ২) বরাদ্দকৃত টাকা কি কি উন্নয়ন কাজে ব্যয় করা হয়েছে। তার মাস্টাররোল/ভাউচারের কপি।
  - ৩) ১% এর টাকা উন্নয়ন কাজে ব্যয় করার নীতিমালা/পরিপত্র।
  - ৪) ১% এর টাকা ব্যয়ের রেজুলেশন এর কপি।
  - ৫) এপ্রিল/১১ হইতে জুন/১৫ পর্যন্ত অডিটের কপি।
- ২। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৩। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময়ের আবেদন করায় সময়ের আবেদন মঞ্জুর করে ২০-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।
- ২। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী তথ্য প্রদান না করায় তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য তথ্য কমিশনে বিচার প্রার্থনা করেন।
- ৩। প্রতিপক্ষ জনাব মোঃ এমদাদুল হক, ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৬ নং ধানগড়া ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য সরবরাহ করার জন্য তিনি পূর্ণাঙ্গ তথ্য প্রস্তুত করেছেন। তবে ধানগড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছ থেকে তথ্য প্রদান করার

অনুমোদন না পাওয়ায় তিনি অভিযোগকারীকে তথ্য প্রদান করতে বিলম্ব করেছেন। তিনি আরও উল্লেখ করেন যে, তথ্য কমিশনের নির্দেশক্রমে তিনি অদ্য শুনানীঅন্তে অভিযোগকারীকে তথ্য প্রদান করতে পারবেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, ধানগড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অসহযোগিতার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য প্রদানে বিলম্ব করেছেন। তবে অদ্য শুনানীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ এমদাদুল হক, ইউপি সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৬ নং ধানগড়া ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার

[বে.স]